



দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ  
গাজীপুর-১৭০৩।

## নিয়োগ বিজ্ঞপ্তি

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর-১৭০৩-এ নিম্নোক্ত পদে নির্ধারিত বেতনস্কেল এবং প্রচলিত বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদিতে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের সকল জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত পদে আবেদনের জন্য আবশ্যিকীয় শিক্ষাগত যোগ্যতা, বেতনস্কেল, বয়স ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিচে প্রদত্ত হলো :

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা (বৎসর)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	প্রধান প্রকৌশলী টাঃ ৫৬,৫০০-৭৪,৪০০ (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	১টি	সর্বোচ্চ ৫০ বছর	যান্ত্রিক অথবা বিদ্যুৎ প্রকৌশলে স্নাতক ডিগ্রীসহ কোন বৃহৎ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১৫(পনের) বৎসরের চাকুরী।

**জীবন বৃত্তান্তে নিচে বর্ণিত তথ্যসমূহ সন্নিবেশ করতে হবে :**

১। নাম ২। পিতার নাম ৩। মাতার নাম ৪। স্বামীর নাম(বিবাহিতা প্রার্থীর ক্ষেত্রে) ৫। বর্তমান ঠিকানা ৬। স্থায়ী ঠিকানা(মহিলা প্রার্থীর ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা) ৭। জন্ম তারিখ ৮। বয়স (২০/০৮/২০১৭ তারিখে) ৯। জাতীয়তা ১০। শিক্ষাগত যোগ্যতা ১১। অভিজ্ঞতা ১২। বৈবাহিক অবস্থা ১৩। আবেদনকারীর স্বাক্ষর।

**আবেদন পত্রের সাথে আবশ্যিকীয় দলিলাদি :**

১। সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি ২। সম্প্রতি তোলা ৪(চার) কপি (ছবির পিছনে প্রার্থীর নামসহ) পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি ৩। গেজেটেড অফিসার অথবা সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন(বাংলাদেশ) লিমিটেড অথবা বাংলাদেশ ব্যাংক এর যে কোন ২(দুই) জন প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদেয় ২(দুই)টি চারিত্রিক সনদ ৪। ইউপি চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর অথবা সিটি করপোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদেয় নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি ৫। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি ৬। অভিজ্ঞতার সনদ পত্রের সত্যায়িত কপি।

**আবেদনপত্র দাখিল :**

অগ্রহী প্রার্থীদেরকে ব্যবস্থাপনা পরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর-১৭০৩ বরাবরে লিখিত আবেদনপত্র প্রেরণ করতে হবে যা সর্বশেষ আগামী ২০/০৮/২০১৭ ইং তারিখ পর্যন্ত (অফিস সময়ের মধ্যে) গ্রহণ করা হবে। চাকুরীরত প্রার্থীকে তাদের স্ব-স্ব নিয়োগ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। খামের উপরে পদের নাম লিখতে হবে। উল্লিখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র অগ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ নিয়োগ কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে। বিজ্ঞপ্তিটি করপোরেশনের website-[www.spcbl.org.bd](http://www.spcbl.org.bd) এবং বাংলাদেশ ব্যাংকের website-[www.bb.org.bd](http://www.bb.org.bd) তে পাওয়া যাবে।

(মোঃ নজরুল ইসলাম)  
মহা-ব্যবস্থাপক(প্রশাসন)